দৈনিক বাংলা

তারিখ 27 JUN 1992
পৃষ্ঠা ৭ কলাম ৫

08

# তফসিলী ছাত্রদের বৃত্তি ২০ লাখ টাকা হবে ঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তাঁর 'সুগন্ধা' অফিসে শুক্রবার রাতে বাংলাদেশ জাতীয়তাবাদী তফসিলী সেলের নেতারা সাক্ষাৎ করেন। খবর বাসস'র।

প্রধানমন্ত্রীকে তাঁরা তাঁদের বিভিন্ন সমস্যার কথা অভিহিত করেন।

বেগম জিয়া ধৈর্যের সঙ্গে তাঁদের সমস্যার কথা শোনেন। তাঁদের সমস্যাবলী সহানুভূতির সঙ্গে বিবেচনা করা হবে- প্রধানমন্ত্রী তাঁদেরকে এ আশ্বাস দেন।

প্রধানমন্ত্রী ঘোষণা করেন যে, তফসিলী

(৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

**প্রধানমন্ত্রী** ( প্রথম পৃষ্ঠার পর )

সম্প্রদায়ের ছাত্রদের বার্ষিক বৃত্তির পরিমাণ ৫ লাখ টাকা থেকে বাড়িয়ে ২০ লাখ টাকা করা হবে।

তিনি আরো বলেন, মাদারীপুর জেলাধীন শশীকর হাই স্কুল জাতীয়করণ করা হবে।

বেগম জিয়া শশীকর শহীদ স্মৃতি কলেজের জন্য এক লাখ টাকা অনুদানের কথা ঘোষণা করেন।

কৃষি, সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রী এম মজিদ-উল-হক, এলজিআরডি ও সমবায় মন্ত্রী আবদুস সালাম তালুকদার ও তথ্য মন্ত্রী নাজমুল হুদা এ সময়ে উপস্থিত ছিলেন।

সেল-এর আহ্বায়ক কার্তিক চন্দ্র ঠাকুর, প্রিন্সিপাল গণেশ চন্দ্র হালাদার, বিশ্ব কাপালী সম্প্রদায়ের অক্ষয় কুমার বিশ্বাস, ধাংগড় সম্প্রদায়ের দীলিপ চন্দ্র দাস ও ঋষি সম্প্রদায়ের সালান চন্দ্র দাস এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।